বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
কৃষি তথ্য কেন্দ্র
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

জরুরি

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০২৭.১৬.০০১.২২.১৬

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

বিষয়: **বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর কার্যক্রম [১.৩] অনুসারে ৩য় প্রান্তিকে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কাউন্সিলের বিভাগ/ইউনিট এর সমন্বয়ে আয়োজিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিএআরসি'র ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা এর কার্যক্রম [১.৩] অনুসারে ৩য় প্রান্তিকে (জানু-মার্চ, ২০২৩) 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ে কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে আয়োজিত সভা গত ১৯ ফেব্রুয়ারী ২০২৩খ্রি. তারিখে সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলো।

সংযুক্তিঃ ১। সভার কার্যবিবরণী।

৭-৩-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
ফোন: +৮৮-০২-২২২২৪২৬৬৬
ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৬
ইমেইল: ec.barc@barc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সদস্য পরিচালক, প্রাণিসম্পদ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
২) সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৩) সদস্য পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৪) সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৫) পরিচালক, টিটিএমইউ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৬) প্রধান কারিগরী কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ও সদস্য সচিব, সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি
৭) সিনিয়র রিপ্রগ্রাফিক অফিসার, বাংলাদেশ কৃষি

গবেষণা কাউন্সিল ও সদস্য সচিব, সিটিজেন চার্টার
পরিবীক্ষণ কমিটি, বিএআরসি

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০২৭.১৬.০০১.২২.১৬/১(২)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

অনুলিপি:

১) যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

২) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

৭-৩-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
# নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

www.barc.gov.bd

বিষয়: বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২২-২০২৩ কর্মপরিকল্পনায় কার্যক্রম [১.৩] এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন সংক্রান্ত অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| তারিখ ও সময় | : ১৯ ফেব্রুয়ারী ২০২৩; সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : প্রশিক্ষণ ভবনের সভাকক্ষ (৪র্থ তলা), বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | : পরিশিষ্ট 'ক' |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মোঃ সাজ্জাদুর রহমান সরকার, সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার ও সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এ কার্যক্রম [১.৩] মোতাবেক 'সেবা প্রদান প্রতিশ্রুতি' কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে অনুসারে বিএআরসি'র আওতাধীন প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, শস্য বিভাগ, প্রাণিসম্পদ বিভাগ এবং প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত সেবা কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে উক্ত বিভাগ, ইউনিট ও কেন্দ্রের সকল পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে ৩য় সভার আয়োজন করা হয়েছে।

২। সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর মাধ্যমে গণখাতে সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করছে। সিটিজেন চার্টার এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য হওয়া, সেবা প্রক্রিয়ায় সকল নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধিসহ সরকারি কর্মচারীদের কাজে জবাবদিহিতা বাড়ছে। তিনি আরও বলেন, সেবা কার্যক্রম কার্যকরভাবে বাস্তবায়নের অংশ হিসেবে বিএআরসি এর আওতাধীন বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে আয়োজিত সভাটি সেবাগ্রহীতাদের নির্ধারিত সময়ে মানসম্পন্ন সেবা পেতে অগ্রণী ভূমিকা পালন করবে।

৩। এ পর্যায়ে সভাপতি জনাব মোঃ সাজ্জাদুর রহমান সরকার, সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার ও সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটিকে কাউন্সিলের উল্লিখিত বিভাগ, ইউনিট ও কেন্দ্রের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা কার্যক্রম উপস্থাপনের অনুরোধ জানান।

৪। এ বিষয়ে সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার যথাক্রমে (১) প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ এর আওতাধীন মৃত্তিকা ইউনিট কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা 'সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ'; (২) প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট এবং সংশ্লিষ্ট কারিগরি বিভাগ/শাখা কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা 'কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান' (৩) প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, শস্য বিভাগ, প্রাণিসম্পদ বিভাগ এবং প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত দাপ্তরিক সেবা 'মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান' সেবাসমূহ ও এর সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমাসহ সামগ্রিক সেবা প্রদান প্রক্রিয়া উপস্থাপন করেন।

৫। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৫.১ নির্ধারিত কার্যদিবসে উল্লিখিত বিভাগ ও ইউনিটের নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবা প্রদান বিষয়ে আলোচনা করা হয়।

৫.২ সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ শীর্ষক সেবাটির সেবা প্রদানের সময়সীমা কমিয়ে আনার ব্যাপারে বিশদ আলোচনা হয়।

৫.৩ উক্ত বিভাগ ও ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।

০৬। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৬.১ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে মান সম্পন্ন সেবা প্রদান নিশ্চিতকরণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, শস্য বিভাগ, প্রাণিসম্পদ বিভাগ এবং প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট, বিএআরসি |
| ৬.২ | সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ শীর্ষক সেবাটির সেবা প্রদানের সময়সীমা কিছুটা কমিয়ে আনার জন্য উদ্যোগ নেবার পাশাপাশি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন করে ড. ফরিদুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা ইউনিট কে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত হয়; | মৃত্তিকা ইউনিট, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৬.৩ | কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান শীর্ষক নাগরিক সেবাটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন; | প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট, বিএআরসি |
| ৬.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি (citizen's charter) হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি |
| ৬.৫ | বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর হতে আগত চিঠি দ্রুততম সময়ের মধ্যে বিএআরসি এর সংশ্লিষ্ট বিভাগ/ ইউনিটে প্রেরণ; | নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বিএআরসি |

০৭। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিএআরসি।